ভোরের কাগজ

তারিখ OCT. 01 1999
পৃষ্ঠা ১৪ কলাম ৬

# বাউবির ১৯৯৯-২০০০ অর্থবছরের বাজেট অনুমোদিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বোর্ড অফ গভর্নর্স-এর ৪২তম সভায় গত সোমবার ১৯৯৯-২০০০ অর্থবছরের জন্য ২৩ কোটি ৯৪ লাখ ১৫ হাজার টাকার বাজেট পেশ করা হয়। উপাচার্য অধ্যাপক এম আমিনুল ইসলামের সভাপতিত্বে বোর্ড অফ গভর্নর্সের সভায় বাউবির ১৯৯৯-২০০০ অর্থবছরের বাজেট অনুমোদিত হয়।

অনুমোদিত বাজেটে সরকারি থোক বরাদ্দ ১০ কোটি টাকা, বিভিন্ন একাডেমিক প্রোগ্রাম থেকে আয় ৭ কোটি টাকা, একীভূত সাবেক বাইডের জন্য সরকারি বরাদ্দ ৭৫ লাখ টাকা, বিশ্ববিদ্যালয় সহায়ক প্রকল্প খাতে ১৯ লাখ ১৫ হাজার টাকা দেখানো হয়েছে। **বিজ্ঞপ্তি**।

বিশ্ববিদ্যালয়ের চলতি বছরের বাজেটে ঘাটতি ৬ কোটি টাকা।

বাজেটে সংস্থাপন ও প্রোগ্রাম ব্যয় বাবদ ২৩ কোটি টাকা, সংস্থাপন (একীভূত সাবেক বাইড) ও অন্যান্য ব্যয় বাবদ ৭৫ লাখ টাকা এবং বিশ্ববিদ্যালয় সহায়ক প্রকল্প ব্যয় ১৯ লাখ ১৫ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে।